তারিখ ... 11 JUL 2016 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6 .....

যুগান্তর

# খুলনায় শিক্ষার্থীদের নিরাপত্তায় কমিটি গঠনের নির্দেশ

খুলনা ব্যুরো

খুলনা বিভাগের মাধ্যমিক স্তরের ৩ হাজার ৯০০ স্কুল-মাদ্রাসার হাজার হাজার শিক্ষার্থীর নিরাপত্তার জন্য কমিটি গঠনের নির্দেশ দেয়া হয়েছে। রোববার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা (মাউশি), খুলনা অঞ্চলের উপ-পরিচালক টিএম জাকির হোসেনের পাঠানো এক চিঠিতে শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে এ নির্দেশনা দেয়া হয়েছে। জানতে চাইলে মুঠোফোনে তিনি যুগান্তরকে জানান, দেশের সার্বিক পরিস্থিতির কথা বিবেচনা করে বিভাগের সব মাধ্যমিক স্তরের স্কুল-মাদ্রাসার শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিত করা প্রয়োজন। তাই প্রধান শিক্ষক ও ম্যানেজিং কমিটির যৌথ উদ্যোগে শিক্ষার্থীদের নিরাপত্তায় কমিটি গঠনের নির্দেশ দেয়া হয়েছে।